



ত্রিপুরা সরকার  
খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তর

প্রধানমন্ত্রী গরীব কল্যাণ যোজনায় উজ্জ্বলা গ্রাহকদের বিনামূল্যে তিনটি  
এলপিজি সিলিভার প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

এটা দপ্তরের নজরে এসেছে যে, যদিও প্রধানমন্ত্রী গরীব কল্যাণ যোজনায় সকল উজ্জ্বলা গ্রাহকদের জন্য এপ্রিল, ২০২০ থেকে জুন, ২০২০ এই তিন মাসে বিনামূল্যে ৩টি এলপিজি সিলিভার বরাদ্দ করা হয়েছে, তথাপি আমাদের রাজ্যের উল্লেখযোগ্য সংখ্যক গ্রাহক প্রথম গ্যাস সিলিভারের মূল্য বাবদ অর্থ অগ্রিম পাওয়া স্বত্বেও এপ্রিল, ২০২০ মাসের মধ্যে তাদের প্রাপ্য সিলিভারটি এজেন্সি থেকে ডেলিভারি নেননি। পাশাপাশি, কিছু কিছু সংখ্যক গ্রাহকের তাদের নিজ নিজ ব্যাঙ্ক অ্যাকাউন্টের সঙ্গে आधारকার্ডের সংযুক্তিকরণ না থাকায় তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে প্রথম সিলিভারের জন্য বরাদ্দ প্রাপ্য অগ্রিম অর্থ এখনও প্রদান করা সম্ভব হয়নি।

২. এখানে উল্লেখ্য যে, কোন গ্রাহক যদি তার জন্য বরাদ্দ প্রথম সিলিভারটির ডেলিভারি না নেন, তবে তিনি দ্বিতীয় সিলিভারটির মূল্য বাবদ অগ্রিম অর্থ পাবেন না এবং অনুরূপভাবে দ্বিতীয় সিলিভারটি না নিলে তৃতীয় সিলিভারটির মূল্য বাবদ অর্থ পাবেন না। আর যারা একটি সিলিভারও নেনবেন না, তারা দ্বিতীয় এবং তৃতীয় সিলিভারটির মূল্য বাবদ অগ্রিম অর্থ পাবেন না এবং এই যোজনার সুবিধা থেকে বঞ্চিত থেকে যাবেন।

৩. তাই রাজ্যের সকল উজ্জ্বলা যোজনার গ্রাহকদের অনুরোধ করা হচ্ছে তারা যেন তাদের জন্য বরাদ্দ সিলিভারগুলো বাবদ অগ্রিম অর্থ পাওয়ার সাথে সাথে তাদের প্রাপ্য সিলিভার এজেন্সি থেকে ডেলিভারি নিয়ে নেন এবং যে সকল গ্রাহকরা সিলিভারের মূল্য বাবদ প্রদত্ত অগ্রিম অর্থ এখনও পাননি তারা এই যোজনার সুবিধা ভোগ করার জন্য অতি স্বত্বর তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টের সঙ্গে आधारকার্ডের সংযুক্তিকরণ করিয়ে নেন।

তপন কুমার দাস  
(তপন কুমার দাস)

অতিরিক্ত সচিব ও অধিকর্তা

খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তর